**আলোচ্যসূচী-০৩: ঋণ বিতরণ ও খেলাপি ঋণ আদায় সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্তগ্রহন**

সিদ্ধান্ত: আলোচ্যসূচী অনুযায়ী উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, অত্র লৌহজং উপজেলায় সকল ইউনিয়নে বিআরডিবি'র বিভিন্ন প্রকল্প/কর্মসূচী চলমান রয়েছে। সদস্যদের চাহিদা অনুযায়ী ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত আছে। চলমান প্রকল্প/কর্মসূচী'র অর্ন্তভূক্ত গঠিত সমিতি/দলের মধ্যে অধিকাংশ সমিতি/দলসমূহের সদস্যদের মাঝে বিতরণকৃত ঋণ বর্তমানে খেলাপি অবস্থায় রয়ে গেছে। এই খেলাপি ঋণ আদায়ের জন্য স্থানীয় জনপ্রতিনিধিসহ স্ট্যান্ডিং কমিটির সদস্যদের সহযোগিতা কামনা করা হয়। স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে আলোচনা করে ঋণ বিতরণ করার জন্য পরামর্শ দেয়া হয়।অত:পর আলোচনান্তে খেলাপি সদস্যদের তালিকা প্রস্তুত করে সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের নিকট সরবরাহ করে তাদের সাথে নিবিড় যোগাযোগের মাধ্যমে ঋণ আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়।

**আলোচ্যসূচী-০৪: প্রশিক্ষণ:**

**সভায় সম্মতিক্রমে আগামী ০৩/০১/২০২২খ্রি: তারিখে বেলা ১১.০০ ঘটিকায়** উপজেলা পরিষদ হল রুমে মহিলা সমবায়ীদের আই.জি.এ ও দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচী-০৫: বিবিধ**

বিবধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

R.Islam

(রিনা ইসলাম)
সভাপতি
উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি
ও
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ,লৌহজং,মুন্সীগঞ্জ।

তারিখঃ ১৪/১২/২০২১খ্রি.।

স্মারক নং-৪৭.৬২.৫৯৪৪.৩০০.০৪.২৪৫.১৬.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য কার্যবিবরণী প্রেরণ করা হলো:

১। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,লৌহজং,মুন্সীগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার,লৌহজং,মুন্সীগঞ্জ।
৩। জনাব...............................সদস্য,উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি, লৌহজং,মুন্সীগঞ্জ।
৪। অফিস নথি।

(মো: আব্দুস সাত্তার)
সদস্য-সচিব
উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি
ও
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
বিআরডিবি,লৌহজং,মুন্সীগঞ্জ।